

কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউটে শিবিরের হামলায় আহত ১০ শতিন শিবিরকর্মী গ্রেফতার

■ কক্সবাজার প্রতিনিধি

কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউটে এক শিবির কর্মীকে আটক করে পুলিশ সোপর্দ করার ঘটনায় গত মঙ্গলবার বিকালে শিবিরের হামলায় ৫ ছাত্রলীগ কর্মীসহ মোট ১০জন আহত হয়েছে। এর মধ্যে ২ ছাত্রলীগ কর্মীকে জেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় ছাত্রাবাসে অভিযান চাঙ্গিয়ে ৩ শিবির কর্মীকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পলিটেকনিক ইনস্টিটিউটে গত মঙ্গলবার দুপুরে পরীক্ষা চলাকালে একদল

ছাত্রলীগ কর্মী এই মাফলয় অভিমুখে এক শিবির কর্মীকে কক্সবাজার সামনে থেকে আটক করে পুলিশ সোপর্দ করে। এ ঘটনার জের ধরে বিকালে শিবির কর্মীরা ছাত্রলীগ কর্মীদের ওপর হামলা করে। এতে ছাত্রলীগের ৫ কর্মী আহত হয়। আহতদের মধ্যে ছাত্রলীগ কর্মী ফুড টেকনোলজি বিভাগের অষ্টম সেমিস্টারের শিক্ষার্থী জাহেদুর রহমান ও আবদুর রহমানকে কক্সবাজার সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পরে এ ঘটনার জের ধরে সন্ধ্যায় ছাত্রলীগ কর্মীরা শিবির কর্মীদের ওপর হামলা করলে আহত হয় পৃষ্ঠা ২ কলাম ৫

কক্সবাজার পলিটেকনিক

২০ পৃষ্ঠার পর

আরো ৫ জন। এ সময় পুলিশ বান আলম, শাহজাহান ও পেফাউল করিম নামে ৩ শিবির কর্মীকে গ্রেফতার করে। কক্সবাজার সদর বানার ওসি জগীম উদ্দিন বলেন, এ ঘটনায় ২৮ জনের নাম উল্লেখ করে প্রায় ২শ ৫০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এনিকে ২ পৃষ্ঠাই এ ঘটনায় ভিন্ন ভিন্ন বক্তব্য দিয়েছে।